# যুগান্তর

তারিখ ... 17 SEP 2017 ...
পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ৫ ......

জাহানাবাদ উচ্চ বালিকা বিদ্যালয়

## বাগেরহাটে প্রধান শিক্ষিকার বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগ

**বাগেরহাট প্রতিনিধি**

বাগেরহাটে অর্থ আত্মসাতের অভিযোগে শহরের শালতলা এলাকায় অবস্থিত জাহানাবাদ উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শুক্লা রানী মণ্ডলের বিরুদ্ধে আদালতে মামলা হয়েছে। বিষ্ণুপদ পাল নামের এক ব্যক্তি গত ১৫ জুন বাগেরহাট অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এ মামলা দায়ের করেন। মামলায় শুক্লা রানী মণ্ডলের স্বামী বিবেকানন্দ সমাদ্দারকেও আসামি করা হয়েছে। এছাড়াও অর্থ আত্মসাতের অভিযোগ এনে বিষ্ণুপদ পাল বাগেরহাট পুলিশ সুপার বরাবর একটি অভিযোগ দিয়েছেন।

পুলিশ সুপার বরাবর অভিযোগ ও মামলার বিবরণ সূত্রে জানা যায়, বাগেরহাট জাহানাবাদ উচ্চ বালিকা বিদ্যালয়ে নৈশ প্রহরী পদে চাকরি দেয়ার কথা বলে ২০১৪ সালের ৪ এপ্রিল শহরের হাড়িখালী এলাকার বিজয় কৃষ্ণ পালের ছেলে বিষ্ণুপদ পালকে অস্থায়ীভাবে নিয়োগ দেয়া হয়। অস্থায়ী নিয়োগের পর ১১ মাস পর্যন্ত মাত্র এক হাজার টাকা প্রতি মাসে বেতন দেয়া হয় বিষ্ণুপদ পালকে। এর কিছুদিন পর বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শুকলা রানী মণ্ডল চাকরি স্থায়ী করণের কথা বলে বিষ্ণুপদ পালের কাছে দুই লাখ টাকা জামানত দাবি করে। একপর্যায়ে চাকরি পাওয়ার আশায় দরিদ্র বিষ্ণুপদ পাল শেষ সম্বল জমি বিক্রি করে ২০১৪ সালের ৮ মে প্রধান শিক্ষিকা শুকলা রানী মণ্ডলের কথা মতো তার স্বামী বিবেকানন্দ সমাদ্দারের হাতে দুই লাখ টাকা তুলে দেন। পরে নিয়োগ পরীক্ষার সময় প্রশ্নপত্র ফাঁস করে সহায়তার  কথা বলে বিষ্ণুপদ পালের কাছে থেকে আরও ১০ হাজার টাকা দাবি করেন প্রধান শিক্ষিকা শুকলা। এসময় বাধ্য হয়ে বিষ্ণুপদ ১০ হাজার টাকা দিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করে। কিন্তু পরীক্ষা শেষে বিদ্যালয়ে নৈশ্য প্রহরী পদে অন্য এক ব্যক্তিকে নিয়োগ দেয়া হয়।

এসময় সর্বস্ব হারিয়ে অসহায় দরিদ্র বিষ্ণুপদ প্রধান শিক্ষিকা শুকলা রানী ও তার স্বামী বিবেকান্দের কাছে গিয়ে জামানতের জন্য নেয়া দুই লাখ টাকা ফেরত চায়। এসময় বিবেকান্দ বেশি বুঝলে জেলের ঘানি টানতে হবে বলে বিষ্ণু পালকে হুমকি দেয়। পরবর্তীতে বিষ্ণুকে সদর উপজেলার ডেমা কাশিমপুর স্কুলে চাকুরি দেয়ার কথা বলে দীর্ঘদিন ধরে কালক্ষেপণ করতে থাকে।

পরিচালক ...
... নং............................
...খ............................

| | |
|---|---|
| ...ফ, পরিসং... ... | |
| ...ক. ডি.এল.পি ... | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক ... | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর